



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
উপ-পরিচালক এর কার্যালয়
ঢাকা গোয়েন্দা অঞ্চল
৪১,সেগুনবাগিচা ঢাকা-১০০০।

নথি নং-৪৪.০৪.০০০০.০২০.১৮.০০১.১৪/ ৩১৫ তারিখঃ ১৬/১২/২০১৪খ্রিঃ।

১০২৫ বোতল ফেন্সিডিলসহ ০২ (দুই) মাদক ব্যবসায়ী গ্রেফতার এবং পলাতক ০১।

প্রেস বিজ্ঞপ্তি

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চলের একটি বিশেষ দল গোপন সংবাদের ভিত্তিতে অদ্য ১৬/১২/২০১৪ ইং তারিখ ভোর ৬ হতে ১০ ঘটিকায় যাত্রাবাড়ি ও সিদ্ধিরগঞ্জ থানাধীন সানারপাড় এলাকায় অভিযান পরিচালনা করে ১০২৫ (এক হাজার পঁচিশ) বোতল ফেন্সিডিলসহ (১) হাজী শফিকুর রহমান (৬৫), পিতাঃ মৃত- আব্দুল গণি, স্থায়ী সাং- জুলাইকুড়িয়া পাড়া, থানাঃ কুমিল্লা সদর, জেলা- কুমিল্লা, (২) মো. শহীদ (৪০), পিতা মৃত ইদ্রিস আলী, স্থায়ী সাং- ফিরিঙ্গিরহাট থানাঃ কুমিল্লা সদর দক্ষিণ, জেলাঃ কুমিল্লাকে হাতেনাতে গ্রেফতার করা হয়। অপর আসামী রূপচান ওরফে রূপা আমাদের অবস্থান টের পেয়ে পালিয়ে যায়। জিজ্ঞাসাবাদে জানা যায় আসামীদ্বয় দীর্ঘদিন যাবৎ পারস্পরিক যোগসাজশে বিভিন্নভাবে ফেন্সিডিল এনে পাইকারী ও খুচরা বিক্রি করে আসছিলো। প্রাথমিক জিজ্ঞাসাবাদ ও গোপন তথ্যে আসামীরা মাদক সিডিকেটের সক্রিয় সদস্য বলে জানা যায়। আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় যাত্রাবাড়ী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চলের উপ- পরিদর্শক সুমনুর রহমান বাদী হয়ে একটি নিয়মিত মামলা রুজু করেন।

(মোঃ জাফরুল্লাহ কাজল)
উপ-পরিচালক,
০১৭১১-৩৩৫৯১১